

■■ সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৪৬২

১٩/ फर्खिनिश (ﷺ)

পরিচ্ছেদঃ সমকামীর হদ।

باب مَا جَاءَ فِي حَدِّ اللُّوطِيِّ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَمْرِوِ السَّوَّاقُ، حَدَّثَنَا عَبْدُ الْعَزِيزِ بْنُ مُحَمَّدٍ، عَنْ عَمْرِو بْنِ أَبِي عَمْرِو، عَنْ عَمْرِو بْنِ أَبِي عَمْرِو، عَنْ عَكْرِمَةَ، عَنِ ابْنِ عَبَّاسٍ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " مَنْ وَجَدْتُمُوهُ يَعْمَلُ عَمَلَ قَوْمٍ لُوطٍ فَاقْتُلُوا الْفَاعِلَ وَالْمَفْعُولَ بِهِ " . قَالَ وَفِي الْبَابِ عَنْ جَابِرِ وَأَبِي عَمْمَلُ عُرَوْرَةً . قَالَ أَبُو عِيسَى وَإِنَّمَا يُعْرَفُ هَذَا الْحَدِيثُ عَنِ ابْنِ عَبَّاسٍ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم مِنْ هَذَا الْوَجْهِ وَرَوَى مُحَمَّدُ بْنُ إِسْحَاقَ هَذَا الْحَدِيثُ عَنْ عَمْرِو بْنِ أَبِي عَمْرِو فَقَالَ " مَلْعُونٌ مَنْ عَمْرِو بْنِ أَبِي عَنْ أَبِي مَلْعُونٌ مَنْ عَمْرُو بْنِ أَبِي صَالِحٍ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم قَالَ " اقْتُلُوا الْقَاعِلَ وَالْمَفْعُولَ بِهِ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم قَالَ " اقْتُلُوا الْفَاعِلَ وَالْمَفْعُولَ بِهِ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم قَالَ " اقْتُلُوا الْفَاعِلَ وَالْمَفْعُولَ بِهِ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنِ النَّبِيِ صلى الله عليه وسلم قَالَ " اقْتُلُوا الْفَاعِلَ وَالْمَفْعُولَ بِهِ عَنْ أَبِيهِ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنِ النَّبِيِ صلى الله عليه وسلم قَالَ " اقْتُلُوا الْفَاعِلَ وَالْمَفْعُولَ بِهِ عَنْ أَبِي هُرَاكُ عَلَى اللهُ عَلِي وَالْمُؤْمُ وَيُ الْمُؤْمِي وَالْمُؤْمِي وَالْمُؤْمُ وَيُولُ الْقُوطِي قَوْلُ اللَّوْطِي قَلَا وَلاَ يَعْضُهُمْ أَنَّ عَلَيْهِ الرَّجْمَ أَحْصَنَ أَوْلُ لَمْ لِلهِ عَلَى وَالْمَوْمَ وَوْلُ التَّوْرِي وَأَهْلِ الْعُطِي وَعَلَاءُ بْنُ أَبِي رَبَاحٍ وَغَيْرُهُمْ قَالُوا حَدُّ اللُّوطِيّ وَعَلَاءُ بْنُ أَبِي رَبَاحٍ وَغَيْرُهُمْ قَالُوا حَدُّ اللُّوطِيّ وَعَلَاءُ بْنُ أَبِي رَبَاحٍ وَغَيْرُهُمْ قَالُوا حَدُّ اللُّوطِيّ وَالْمُ الْعُولِي وَالْمُلِكُوفَةِ وَاللَّالُولُولَ وَالْمُؤَالِ الْكُوفَةِ وَى الْمُعَلِّ عُرُهُ وَقُولُ التَّوْرِيُ وَأَهْلِ الْكُوفَةِ .

বাংলা

১৪৬২। মুহাম্মদ ইবনু আমর সাওওয়াক (রহঃ) ... ইবনু আব্বাস রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, লুত সম্প্রদায়ের কর্ম করতে তোমরা যাকে পাবে তাকে কতল কর এবং যার সাথে ঐ কর্ম করা হয়েছে তাকেও। সহীহ, ইবনু মাজাহ ৩৫৬১, তিরমিজী হাদিস নম্বরঃ ১৪৫৬



[আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে জাবির ও আবৃ হুরায়রা রাদিয়াল্লাহু আনহুমা থেকেও হাদীস বর্ণিত আছে। কেবল উক্ত সূত্রেই আমরা ইবনু আব্বাস রাদিয়াল্লাহু আনহু বর্ণিত হাদীসটি সম্পর্কে জানতে পেরেছি। মুহাম্মদ ইবনু ইসহাক (রহঃ) এই হাদীসটিকে আমর ইবনু আবৃ আমর রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণনা করেছেন। এতে আছে ঐ ব্যক্তির উপর লানত, যে লুত সম্প্রদায়ের কর্ম করে। এতে 'কতল'-এর কথাটির উল্লেখ নেই। এতে আরো উল্লেখ আছে যে, ঐ ব্যক্তির উপরও লানত, যে পশুর সাথে সঙ্গত হয়।

এই হাদীসটি আসিম ইবনু উমার (রহঃ) আবৃ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, "কর্তা এবং যার সাথে করা হয়েছে উভয়কেই কতল কর"। এই হাদীসটির সন্দ বিতর্কিত। সুহায়ল ইবনু আবৃ সালিহ (রহঃ) থেকে এটিকে আসিম ইবনু উমার উমারী ছাড়ার কেউ রিওয়ায়াত করেছেন বলে আমরা জানি না। আর আসিম ইবনু উমার স্মরণ শক্তির দিক দিয়ে হাদীসের ক্ষেত্রে যঈফ।

লাওয়াতাতের হদ সম্পর্কে আলিমগণের মতানৈক্য রয়েছে। কারো কারো মত হল বিবাহিত কিংবা অবিবাহিত উভয় অবস্থায় এর উপর 'রজম' প্রযোজ্য এ হল ইমাম মালিক, শাফিঈ, আহমাদ ও ইসহাক (রহঃ) এর অভিমত। হাসান বাসরী, ইবরাহীম নাঈখ, আতা ইবনু আবূ রাবাহ (রহঃ) সহ ফকীহ তাবিয়ী ও অন্যান্য আলিমগণ বলেন, লাওয়াতাতের হদ হল যিনার অনুরূপ। এ হল সুফইয়ান ও কুফাবাসী আলিমগণের অভিমত।

English

Narrated Ibn 'Abbas:

That the Messenger of Allah (ﷺ) said: "Whomever you find doing the actions of the people of Lut then kill the one doing it, and the one it is done to."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন